## তারা কারা ?



## **Tanisha Mir** Student BSc. 1<sup>st</sup> Year Department of Environmental Science Asutosh College tanishamir025@gmail.com

তারা কারা?

শহরের কালচে ধোঁয়ায় জ্বলছে চোখ, ঢাকছে মুখ

প্রশ্ন করে, "বিবেচনাহীন বিলাসিতায় কি সর্বসুখ?"

তারা কারা?

দেখে শিল্পের কালি বর্জ্যের থলি ভেসে যায় গঙ্গায়

প্রশ্ন করে, "এইভাবেও কি হাতের পাপ ধুয়ে ফেলা যায়?"

তারা কারা?

হিমাঙ্কের নীচে তাপমাত্রা কষ্ট-ক্লান্তির অনশনে দিনরাত

প্রশ্ন করে, "নিজেদের অধিকারটুকু চাওয়াও কি অপরাধ?"

তারা কারা?

বনস্পতির পাহারায়, শিল্পপতির চোখে চোখ রেখে সারাক্ষণ

প্রশ্ন করে, "জয় জোহার! কী চাস বন না জীবন?"

তারা কারা?

যারা গলায় প্ল্যাকার্ড ঝোলায়, চিৎকার করে মাঝরাস্তায়,

প্রশ্ন করে, "হে বধির মানুষের ভিড়, আর সময় কোথায়?"

তারা কারা?

যারা ঋতুবদলের শিকার, মাঠ ভর্তি ফসল ধ্বংসে অনাহার,

প্রশ্ন করে, "ও খোদা, কোথায় ভুল, এ কেমন বিচার?"

শুধুই আন্তর্জাতিক সম্মেলন আর হাজার হাজার চুক্তি

যার ভিটে বাড়ি গেল সাগরের কোপে, তার আর কি ভর্তুকি?

পাহাড়ের গায়ে তেল চিটে উন্নয়নের ছাপ

যমুনায় ফেনা, এখনও কি লাগবে দূষণের পরিমাপ?



92

রাজধানী শহর বিশ্বে তৃতীয় বায়ুদূষণে

সমস্যা কোথায়! এতো ভালো ইস্যু রাজনীতি ও ভাষণে!

হায় রে মানুষ!

জীবন যাপন কি হওয়ার ছিল এতটাই ব্যস্ততার?

যে আজ নেই সময় অস্তিত্বের সংকটে, একটা প্রশ্ন করার?

তারা কারা? যারা প্রশ্ন করেছিল,

তারা কারা? যারা চেম্টা করেছিল,

একদিন খুঁজবে গোটা পৃথিবী, বুঝবে এই সভ্যতা

শুধু এটাই বলার থাকবে, "তারা বলেছিল"